দৈনিক সংবাদ

তারিখ 13 FEB 1994
পৃষ্ঠা ১২ কলাম ৬

14

# জাতীয় শিক্ষা সপ্তাহের চূড়ান্ত পর্যায়ের অনুষ্ঠান আজ শুরু

শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৪-এর চূড়ান্ত পর্যায়ের ৩ দিনব্যাপী অনুষ্ঠান আজ রোববার ঢাকায় শুরু হচ্ছে।

রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস আজ শিল্পকলা একাডেমিতে কর্মমুখী শিক্ষা বিষয়ে জাতীয় শিক্ষা সম্মেলন উদ্বোধন করবেন।

দেশের ২৪টি শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, ৩৬ জন শ্রেষ্ঠ শিক্ষক-শিক্ষিকার স্বর্ণপদক প্রদান এবং ৭২ জন স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীসহ পাঠক্রমিক ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার প্রদান করবেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া মঙ্গলবার ওসমানী স্মৃতি মিলনায়তনে। রোববার ও সোমবার শিশু একাডেমিতে ১২টি বিষয়ে বিভাগীয় পর্যায়ে নির্বাচিত ৩শ' ১২ জন ছাত্রছাত্রী প্রতিযোগীর মধ্যে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।